# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৯৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৯৪]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৬৮: হারাম বস্তুর ব্যাপারে সাবধানতা অবলম্বন এবং সন্দিহান বস্তু পরিহার করার গুরুত্ব

بَابُ الْوَرَعِ وَتَرْكِ الشُّبُهَاتِ ـ (68)

আরবী

وَعَن عَائِشَةَ رَضِيَ اللهُ عَنهَا، قَالَتْ: كَانَ لأبي بَكرٍ الصِّدِّيق رضي الله عنه غُلاَمٌ يُخْرِجُ لَهُ الخَرَاجَ، وَكَانَ أَبُو بَكْرٍ يَأكُلُ مِنْ خَرَاجِهِ، فَجَاءَ يَوْماً بِشَيءٍ، فَأكَلَ مِنْهُ أَبُو بَكْرٍ، فَقَالَ لَهُ الغُلامُ: تَدْري مَا هَذَا ؟ فَقَالَ أَبُو بكر: وَمَا هُوَ ؟ قَالَ: كُنْتُ تَكَهَّنْتُ لإنْسَانٍ في الجَاهِلِيَّةِ وَمَا أُحْسِنُ الكِهَانَةَ، إلاَّ أنّي خَدَعْتُهُ، فَلَقِيَنِي، فَأعْطَانِي لِذَلِكَ، هَذَا الَّذِي أكَلْتَ مِنْهُ، فَأَدْخَلَ أَبُو بَكْرٍ يَدَهُ فَقَاءَ كُلَّ شَيْءٍ فِي بَطْنِهِ . رواه البخاري

বাংলা

৭/৫৯৯। আয়েশা রাদিয়াল্লাহু ’আনহা বলেন, আবূ বকর সিদ্দীক রাদিয়াল্লাহু ’আনহু-এর একজন ক্রীতদাস ছিল, যে চুক্তি অনুযায়ী তাঁকে ধার্যকৃত কর আদায় করত। আর আবূ বকর সিদ্দীক রাদিয়াল্লাহু ’আনহু তার সেই আদায়কৃত অর্থ ভক্ষণ করতেন। (অবশ্য প্রত্যহ সে অর্থ হালাল কি না, তা জিজ্ঞাসা করে নিতেন।) একদিনের ঘটনা, ঐ ক্রীতদাস কোন একটা জিনিস এনে তাঁর খিদমতে হাজির করল। আর তিনি (সেদিন ভুলে কিছু জিজ্ঞাসা না করে) তা থেকে কিছু খেয়ে ফেললেন। দাসটি বলল, ’আপনি কি জানেন, এটা কী জিনিস (যা আপনি ভক্ষণ করলেন)?’

আবূ বকর রাদিয়াল্লাহু ’আনহু বললেন, ’তা কী?’ দাসটি বলল, ’আমি জাহেলী যুগে একজন মানুষের ভাগ্য গণনা করেছিলাম। অথচ আমার ভাগ্য গণনা করার মত ভাল জ্ঞান ছিল না। আসলে আমি তাকে ধোঁকা দিয়েছিলাম। সে আমার সঙ্গে সাক্ষাৎ করে আমাকে (পারিশ্রমিকস্বরূপ) এই জিনিস দিলো, যা আপনি ভক্ষণ করলেন।’ এ কথা শুনে আবূ বকর সিদ্দীক রাদিয়াল্লাহু ’আনহু নিজের হাত স্বীয় মুখের ভিতরে প্রবেশ করালেন এবং পেটের মধ্যে যা কিছু ছিল বমি করে বের করে দিলেন! (বুখারী) [1]

## English

(68) Chapter: Leading an Abstemious Life and refraining from the Doubtful

'Aishah (May Allah be pleased with her) reported:
Abu Bakr (May Allah be pleased with him) had a slave who brought him his earnings and Abu Bakr (May Allah be pleased with him) would eat from it. One day he brought him something and when Abu Bakr (May Allah be pleased with him) had eaten some of it, the slave asked him whether he knew where he had got that (food) from, Abu Bakr (May Allah be pleased with him) asked what it was, and he replied: I acted as a soothsayer for a man in the pre-Islamic period, and not being good at it, I deceived him; today he met me and he rewarded me for that soothsaying what you have eaten. Abu Bakr (May Allah be pleased with him) put his hand in his mouth and vomited up all that he had eaten.

[Al- Bukhari].

Commentary: Soothsaying was prevalent in the pre-Islamic Arab society. Islam brought an end to it and declared its income unlawful. That was the reason when Abu Bakr (May Allah be pleased with him) came to know that what he had eaten had been accrued to the slave from soothsaying, he vomited it up. The incident reflected his extreme continence and aversion to pagan customs and propensities.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩৮৪২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ▯ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23564

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন